দৈনিক ইত্তেফাক

তারিখ ...12-SEP 1994 .. ..
পৃষ্ঠা 7 কলাম ৫

32

এসএসসি পরীক্ষার ফল

# মার্কশিট পাইতে দেরী হইবে

ইত্তেফাক রিপোর্ট ॥ এবার এসএসসি পরীক্ষার ছাত্র-ছাত্রীরা আগামী ২৭শে সেপ্টেম্বরের আগে মার্কশীট পাইবে না। ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি কম্পিউ-

( ২য় পৃ: ৫-এর ক: দ্রঃ )

## মার্কশীট পাইতে

(১ম পৃঃ পর)

টার কেন্দ্র চার বোর্ডের কম্পিউটার মার্কশীট আগামী ২২ অথবা ২৩ তারিখ স্ব-স্ব বোর্ডের কাছে হস্তান্তর করিবে। ইহার পর বোর্ডগুলির কাজ গুছাইয়া পাঠাইতে দুইতিনদিন লাগিবে। স্কুলে মার্কশীট যাইতে যাইতে ২৭ তারিখ হইয়া যাইবে। ঢাকা বোর্ডের কন্ট্রোলার প্রফেসর বয়েনউদ্দিন গতকাল (রবিবার) ইত্তেফাককে এ তথ্য জানান।

উল্লেখ্য, ফলাফল প্রকাশের বেশকিছুদিন পরও মার্কশীট না পাইয়া ছাত্র-ছাত্রী, অভিভাবকরা উদ্বিগ্ন। ইতিমধ্যে নটরডেম কলেজে ভর্তির নোটিস দেওয়া হইয়াছে। কিন্তু মার্কশীটের অভাবে ছাত্র-ছাত্রীরা দরখাস্ত তৈয়ারী করিতে পারিতেছে না।

এসম্পর্কে ঢাকা বোর্ডের কন্ট্রোলার বলেন, যেহেতু কোন বোর্ডের মার্কশীটই দেওয়া হয় নাই তাই সমস্যা হইবে না। এব্যাপারে তাহার সঙ্গে নটরডেম কলেজের প্রিন্সিপালের কথা হইয়াছে বলিয়া জানান।

এদিকে আগামী বছর(১৯৯৫) হইতে বোর্ডগুলি নিজেরাই কম্পিউটারে ফলাফল তৈয়ারী করিবে। আর ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি কম্পিউটার কেন্দ্রের দ্বারস্থ হইবে না। ইতিমধ্যেই ৪ বোর্ডে কম্পিউটার বিশেষজ্ঞ নিয়োগ করা হইয়াছে।